# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
# Bengali Text Bulletin

**Date: 16.09.2024 Time: 7.50 P.M**

বিশেষ বিশেষ খবর –

১/ RG KAR কান্ড নিয়ে আন্দোলনরত জুনিয়ার ডাক্তাররা অবশেষে রাজ্য সরকারের সঙ্গে বৈঠকে বসেছেন।

# আর জি কর হাসপাতালে ঘটনায় দিল্লিতে রেসিডেন্ট ডক্টরস অ্যাসোসিয়েশন-এর পক্ষ থেকে জুনিয়র চিকিৎসকদের আন্দোলনকে সমর্থন জানানো হয়েছে।

# সুপ্রিম কোর্টে RG KAR নিয়ে স্বতঃপ্রণোদিত মামলার আগামীকাল ফের শুনানি।

২/ RG KAR-এর ঘটনায় ধৃত টালা থানার প্রাক্তন ওসি অভিজিত মন্ডলের স্ত্রী, CBI-এর তলবে CGO কমপ্লেক্সে তাদের দপ্তরে হাজিরা দিয়েছেন। তাঁর আগে সিনিয়ার IPS আধিকারিকরা অভিজিত মন্ডলের সার্ভে পার্কের বাড়িতে যান।

৩/ উত্তরবঙ্গ মেডিকেল কলেজে পরীক্ষা দুর্নীতির অভিযোগে সিবিআই তদন্ত চেয়ে রাজ্যপাল সিভি আনন্দ বোস রাজ্য সরকারকে চিঠি দিয়েছেন।

৪/ নিম্নচাপের জেরে একটানা বৃষ্টিতে প্লাবিত দক্ষিনবঙ্গের বিভিন্ন জেলায় দুর্গতদের পাশে থাকার জন্য মুখ্যমন্ত্রী, মন্ত্রিসভার সদস্যদের নির্দেশ দিয়েছেন।

৫/ পয়গম্বর হযরত মহম্মদের জন্মদিনটি আজ ইদ-এ-মিলাদ-উন-নবী হিসেবে পালিত হচ্ছে।

৬/ মহামেডান স্পোর্টিং ক্লাব আজ তাদের ISL অভিযান শুরু করছে। প্রতিপক্ষ নর্থ ইস্ট ইউনাইটেড এফ সি।

*****************************************************************

RG KAR কান্ড নিয়ে আন্দোলনরত জুনিয়ার ডাক্তাররা অবশেষে রাজ্য সরকারের সঙ্গে বৈঠকে বসেছেন। স্বাস্থ্য ভবনের সামনে ৭'দিন ধরে চলা ধর্না কর্মসূচীর ফলে অচলাবস্থা কাটাতে রাজ্য সরকারের পক্ষ থেকে আজ পঞ্চমবার আবারো তাঁদের বৈঠকে ডাকা হয়। বৈঠকে যোগ দিতে ইছুক বলে জুবিয়ার চিকিতসকরা জানালেও, সরকারকে পালটা তিনটি শর্ত দেওয়া হয়।

তাতে বলা হয়, উভয়পক্ষ থেকেই আলাদাভাবে ভিডিওগ্রাফি করতে হবে। তা' সম্ভব না হলে, গোটা বৈঠকের ভিডিও ফাইল, আলোচনা শেষ হওয়ার অব্যবহিত পরেই ফ্রন্টের হাতে তুলে দিতে হবে। যদি তা'ও সম্ভব না হয়, তাহলে বৈঠকের পুঙ্খানুপুঙ্খ কার্যবিবরণী উভয়পক্ষই রেকর্ড করবে। এজন্য চিকিৎসক সংগঠনের পক্ষ থেকে আলাদাভাবে 'মিনিট' লেখার লোক থাকবে। এই মেলের পর মুখ্য সচিবের পক্ষ থেকে তৃতীয় শর্তটি মেনে ইমেল করা হয়। এরপর নির্ধারিত সময়ের প্রায় দেড় ঘণ্টা পরে মুখ্যমন্ত্রীর কালীঘাটের বাড়ির সামনে পৌঁছান জুনিয়র ডাক্তাররা। কিছুক্ষণ আগে তাঁদের সঙ্গে মুখ্যমন্ত্রীর সঙ্গে তাদের বৈঠক শুরু হয়েছে বলে জানা যাচ্ছে। বৈঠকের আলোচনা পুঙ্খানুপুঙ্খভাবে নথিবদ্ধ করতে ৩০ সদস্যের প্রতিনিধি দলের সঙ্গে রয়েছেন দুই স্টেনোগ্রাফার।

একটি প্রতিবেদন- ( ভিসি / অভিরূপ )

**************************

আর জি কর হাসপাতালে ঘটনায় দিল্লিতে রেসিডেন্ট ডক্টরস অ্যাসোসিয়েশন-এর পক্ষ থেকে জুনিয়র চিকিৎসকদের আন্ডলনকে সমর্থন জানানো হয়েছে।

নতুন দিল্লিতে আজ প্রেস ক্লাবে জুনিয়র চিকিৎসকদের সংগঠন 'রেসিডেন্ট ডক্টরস অ্যাসোসিয়েশন' ও রাজ্যে আন্দোলনরত 'ওয়েস্ট বেঙ্গল জুনিয়র ডক্টরস ফ্রন্ট' –এর তরফে এক যৌথ সাংবাদিক বৈঠকে RG KAR-এর ঘটনার পরে পুলিশের ভূমিকা কি ছিল, তা' নিয়েও প্রশ্ন তোলা হয়।

সুপ্রীম কোর্ট সময় নির্দিষ্ট করে তাদের কাজে যোগ দেওয়ার নির্দেশ দিলেও রাজ্য সরকার তাদের দাবি পূরনে আলোচনার মাধ্যমে কর্মবিরতিতে ইতি টানার সদিচ্ছা দেখায়নি বলে তাঁদের অভিযোগ। রাজ্যে চিকিৎসকদের নিরাপত্তা নিয়েও আশংকা প্রকাশ করা হয় সাংবাদিক  বৈঠকে।

**************************

এদিকে, সুপ্রিম কোর্টে RG KAR নিয়ে স্বতঃপ্রণোদিত মামলার আগামীকাল ফের শুনানি হবে।  এযাবৎ তদন্তের নতুন করে স্টেটাস রিপোর্ট জমা দেবে সিবিআই। এই মামলায় বক্তব্য জানাতে চেয়ে আরও কয়েকটি আবেদন জমা পড়েছে।
আর জি করে ধর্ষণ ও খুন এবং দুর্নীতি সংক্রান্ত সবকটি মামলার একসঙ্গে শুনানি চলছে।

**************************

আর জি করে তরুণী চিকিতসকের খুন ও ধর্ষণের ঘটনায় আজ ধৃত টালা থানার প্রাক্তন ওসি অভিজিত মন্ডলের সার্ভে পার্কের বাড়িতে যান IPS আধিকারিকরা। অ্যাডিশনাল সিপি ভি সলোমানের নেতৃত্বে একাধিক IPS অফিসার, পরিবারের সদস্যদের সঙ্গে কথা বলেন। পরে সাংবাদিকদের সলোমান জানান, কলকাতা পুলিশ অভিজিত মন্ডলের পাশে রয়েছে। অভিজিৎ নির্দোষ বলেই তাঁর বিশ্বাস।

তাঁরা চলে যাওয়ার পর সন্ধ্যে নাগাদ অভিজিৎ মন্ডলের স্ত্রী, CBI-এর তলবে CGO কমপ্লেক্সে তাদের দপ্তরে হাজিরা দিয়েছেন। তাঁর সঙ্গে রয়েছেন এক আইনজীবী’ও।

**************************

অন্যদিকে, RG KAR কান্ডে CBI-এর হাতে কলেজের তৎকালীন অধ্যক্ষ সন্দীপ ঘোষ ও টালা থানার ওসি অভিজিত মন্ডলের গ্রেপ্তারিকে স্বাগত জানিয়েছেন, নির্যাতিতার বাবা মা। আজ সাংবাদিকদের কাছে তাঁরা ফের একবার, সম্মতি ছাড়াই পুলিশ তাঁদের মেয়ের মৃতদেহ সৎকার করে দেয় বলে অভিযোগ জানান। পুলিশ, প্রশাসন ও কলেজ কর্তৃপক্ষ, পরিকল্পনা করেই ঘটনাস্থলে বদল করেছেন। তবে সুপ্রিম কোর্ট ও CBI-এর

ওপর আস্থা ব্যক্ত করে তাঁরা জানান, মুখ্যমন্ত্রীর আহ্বানে জুনিয়ার ডাক্তারদের এই বৈঠক ফলপ্রসূ হবে বলে তাঁদের আশা।

( বাইট- )

*************************

নিম্নচাপের জেরে একটানা বৃষ্টিতে প্লাবিত দক্ষিনবঙ্গের বিভিন্ন জেলা। দুর্গতদের পাশে থাকার জন্য মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি, মন্ত্রিসভার সদস্যদের নির্দেশ দিয়েছেন। তার ভিত্তিতে মুখ্যমন্ত্রীর কাছে রিপোর্ট জমা দিতে বলা হয়েছে।

এছাড়াও, পরিস্থিতি সরেজমিনে খতিয়েও দেখতে বলেছেন তিনি।

মুখ্যমন্ত্রীর এই নির্দেশের পর সাংসদ দীপক অধিকারী ওরফে দেব ও মন্ত্রী বেচারাম মান্না আজ তাঁদের নিজ নিজ এলাকা পরিদর্শন করেন।

*************************

দক্ষিণ ২৪ পরগণায় একটানা বৃষ্টিতে জনজীবন বিপর্যস্ত। জেলার মহকুমা স্তরে খোলা হয়েছে কন্ট্রোল রুম। প্রতিটি ব্লকে পর্যাপ্ত ত্রাণ মজুত করা হয়েছে। প্রস্তুত রাখা হয়েছে জেলার ফ্লাড সেন্টার ও স্কুলগুলি।

এদিকে, বঙ্গোপসাগরে ইলিশ ধরতে যাওয়া তিনটি ট্রলারের মধ্যে দুটি ট্রলারের মৎসজীবিদের সঙ্গে যোগাযোগ করা গেছে। আগামীকালের মধ্যে তাঁদের ফিরে আসার সম্ভাবনা বলে, জেলার সহ মৎস অধিকর্তা জানিয়েছেন। ওই তিনটি ট্রলারে মোট ৪৬ জন মৎস্যজীবী ছিলেন। কাকদ্বীপ ও ডায়মন্ড হারবার থেকে সেগুলি পাড়ি দিয়েছিল গভীর সমুদ্রে। সমুদ্র উত্তাল থাকায় খাঁড়িতে আশ্রয় নেয় ট্রলারগুলি।

অন্যদিকে, আজ থেকে শুরু হচ্ছে ষাঁড়াষাঁড়ির কোটাল। এর ফলে জলস্তর বাড়বে আশঙ্কা। এই পরিস্থিতিতে বাতিল হয়েছে বিপর্যয় মোকাবিলার সঙ্গে যুক্ত সব বিভাগের কর্মীদের ছুটি।

*************************

পূর্ব বর্ধমান ও বীরভূমে কয়েকদিনের অতি বর্ষণে দেওয়াল চাপা পড়ে দু'জনের মৃত্যু হয়েছে। আহত হয়েছেন পাঁচজন।

পূর্ব বর্ধমানের আউশগ্রাম থানার রামচন্দ্রপুরে দেওয়াল চাপা পড়ে গেনু রুইদাস নামে এক বৃদ্ধার মৃত্যু হয়েছে। রায়না থানার নাড়ুগ্রামে দেওয়াল চাপা পড়ে আহত হয়েছে দিশা টুডু নামে এক কিশোরী। দেওয়ানদিঘি থানার জগদাবাদে আজ সকালে দেওয়াল চাপা পড়ে মাকু হাঁসদা(৫৫) নামে এক ব্যক্তি আহত হয়েছেন। তিনি বর্ধমান মেডিক্যাল কলেজ হাসপাতালে চিকিৎসাধীন। মেমারি থানা এলাকায় গতকাল দেওয়াল চাপা পড়ে আহত ভারতী টুডু বর্ধমান মেডিক্যাল কলেজ হাসপাতালে ভর্তি রয়েছেন।

এদিকে, বীরভূমের ইলামবাজার থানার সাহাপুরে দেওয়াল চাপা পড়ে মালতী মাল নামে বছর ৫৪ র এক প্রৌঢ়ার মৃত্যু হয়েছে, আহত হয়েছে তাঁর নাতি। এছাড়া নানুর থানা এলাকায় দেওয়াল চাপা পড়ে রেশমা সুলতানা নামে এক কিশোরী জখম হয়ে বর্ধমান মেডিক্যাল কলেজ হাসপাতালে চিকিৎসাধীন।

*************************

পশ্চিম বর্ধমানের বারাবনী ব্লকের ইটাপাড়া গ্রাম পঞ্চায়েতের রানীগঞ্জ চটি এলাকায় বৃষ্টিতে গোয়ালঘরের দেওয়াল চাপা পড়ে, অশোক বন্দ্যোপাধ্যায় নামে এক ব্যক্তির মৃত্যু হয়েছে। একটি গরু'ও মারা পড়েছে, আহত আরো কয়েকটি।

স্থানীয় সূত্রে জানা গেছে, অশোক বাবুর গোয়াল ঘরে ২০ টির মতো গরু ছিল। আজ সকালে তিনি সেখান থেকে আওয়াজ পেয়ে ছুটে যান। সেসময়ই গোয়াল ঘরের মাটির দেওয়াটি তাঁর ওপর ভেঙ্গে পড়ে। গুরুতর আহত অশোকবাবুকে স্থানীয় হাসপাতালে নিয়ে গেলে চিকিৎসক মৃত ঘোষণা করেন।

*************************

তিন দিন লাগাতার বৃষ্টির ফলে পশ্চিম মেদিনীপুর জেলার নদীগুলিতে জল উপচে পড়ছে। বহু জায়গাতেই বন্যা পরিস্থিতির সৃষ্টি হয়েছে। অনেক এলাকায় রাস্তার উপর

দিয়ে জল বইছে। বিঘের পর বিঘে কৃষি জমি জলের তলায়। নিম্নচাপ পুরোপুরি কেটে না যাওয়া পর্যন্ত জল আরো বাড়বে বলেই আশঙ্কা।

প্রশাসনের পক্ষ থেকে জেলায় যথেষ্ট পরিমাণে ত্রাণ সামগ্রী মজুদ করা হয়েছে।

এদিকে, ঘাটালের বাঁকাতে শিলাবতী নদীর জলস্তর বিপদসীমার উপর দিয়ে বইছে।

ঘাটাল মহকুমার বন্যা পরিস্থিতি সরেজমিনে খতিয়ে দেখতে স্থানীয় সাংসদ দীপক অধিকারী ওরফে দেব আজ সেখানে গেছেন।

**************************

বাঁকুড়ার উত্তর থেকে দক্ষিণ সর্বত্রই জল থৈ থৈ অবস্থা। দক্ষিণ বাঁকুড়ার শিলাবতী নদীর উপর সিমলাপাল, লক্ষীসাগর সংলগ্ন ভেলাইডিহা ও তালডাংরার হাড়মাসড়ার ইঁটাপোড়া সেতুর উপর দিয়ে জল বইছে। কোতুলপুর ব্লকের ব্রক্ষ্মডাঙ্গা খালের সেতুও জলের তলায়। ফলে সদরের সঙ্গে বালিঠা, লোগো, কেনো, ছেনো সহ অন্তত ২০ টি গ্রামের যোগাযোগ বিচ্ছিন্ন।

বৃষ্টিতে দেওয়াল চাপা পড়ে দু-নম্বর ব্লকের জুনবেদিয়া গ্রাম পঞ্চায়েতের হরিয়াল গাড়া গ্রামে জ্যোৎস্না বাগদী নামে এক মহিলার মৃত্যু হয়েছে।

**************************

নিম্নচাপের প্রভাবে পুরুলিয়ায় লাগাতার তিন দিনের বৃষ্টিতে ভেঙে পড়ল বেশ কিছু কাঁচা বাড়ি। বহু জায়গায় কজওয়ের উপর দিয়ে বইছে জল।

**************************

বৃষ্টিতে হাওড়া জেলার বিভিন্ন এলাকায় বিশেষ করে নিচু এলাকাগুলিতে জল জমছে।
হাওড়া পুরনিগম, বালি মিউনিসিপালিটি, বালি জগাছা ব্লক, কিছুটা সাঁকরাইল ডোমজুড় এলাকাতে ব্লকগুলিতে পাম্পের মাধ্যমে জল বের করা হচ্ছে| গ্রামীণ এলাকাগুলিতে খালের জলের পরিমাণ বেড়েছে| তবে ধানী জমিতে জল জমলে চাষের পক্ষে তা ক্ষতিকারক হবে না বলেই মনে করা হচ্ছে|

*************************

গাঙ্গেয় পশ্চিমবঙ্গ ও পার্শ্ববর্তী ঝাড়খন্ডের ওপর কেন্দ্রীভূত গভীর নিম্নচাপ উত্তর পশ্চিম দিকে অগ্রসর হয়ে শেষ খবর পাওয়া পর্যন্ত পুরুলিয়ার ১০ কিলোমিটার দক্ষিণ, বাঁকুড়ার ৭০ কিলোমিটার পশ্চিম দক্ষিণ পশ্চিম ও জামশেদপুরের উত্তর পূর্বে অবস্থান করছিল। এটি আরো পশ্চিম উত্তর পশ্চিম দিকে অগ্রসর হয়ে আগামী ১২ ঘন্টায় শক্তি হারিয়ে নিম্নচাপে পরিণত হবে। তারপর তা' ঝাড়খন্ড ও উত্তর ছত্তিশগড়ের দিকে সরে যাবে।

এর প্রভাবে, কলকাতা সহ দক্ষিণবঙ্গের বিভিন্ন জেলায় শনিবার থেকে আজ দুপুর পর্যন্ত দফায় দফায় ভারী বৃষ্টি হয়। বিকেল থেকে অবশ্য, আবহাওয়ার উন্নতি হয়েছে। তবে, পশ্চিমাঞ্চলীয় জেলাগুলিতে আজ'ও বৃষ্টি চলবে বলে আবহাওয়ার পূর্বাভাসে জানানো হয়েছে। উপকূলবর্তী এলাকায়, ঘন্টায় ৬০ কিলোমিটার পর্যন্ত বেগে ঝোড়ো হাওয়া বয়ে যাওয়ার সম্ভাবনা। এর ফলে সমুদ্র উত্তাল থাকবে। মৎস্যজীবীদের আজ'ও সাগরে পাড়ি না দেওয়ার পরামর্শ দেওয়া হয়েছে।

কলকাতায় আজ বিকেল সাড়ে ৫'টা পর্যন্ত গত ২৪ ঘন্টায় বৃষ্টি হয়েছে, ৩৭ দশমিক ৮'মিলিমিটার। বৃষ্টিতে তাপমাত্রাও বেশ কিছুটা কমেছে। কলকাতায় আজ সর্বোচ্চ তাপমাত্রা- ২৮ দশমিক এক ডিগ্রি সেলসিয়াস, স্বাভাবিকের তুলনায় যা চার দশমিক এক ডিগ্রি কম।

*************************

পয়গম্বর হযরত মহম্মদের জন্মদিনটি আজ ইদ-এ-মিলাদ-উন-নবী হিসেবে পালিত হচ্ছে। ফাতেহা-দোহাজ-দাহাম নামে পরিচিত এই উৎসব উপলক্ষ্যে নানা অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। চলেছে বিশেষ প্রার্থনা ও নামাজ।

মালদা, মুর্শিদাবাদ, নদীয়া, শিলিগুড়ি সহ বিভিন্ন জেলায় বৃষ্টির মধ্যেই এই উপলক্ষ্যে বের করা হয় শান্তি মিছিল ও শোভাযাত্রা।

মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি এই উপলক্ষ্যে সকলকে শুভেচ্ছা জানিয়েছেন।

*************************

উত্তরবঙ্গ মেডিকেল কলেজে পরীক্ষা দুর্নীতির অভিযোগে সিবিআই তদন্ত চেয়ে রাজ্যপাল সিভি আনন্দ বোস রাজ্য সরকারকে চিঠি দিয়েছেন।
মুখ্যসচিব মনোজ পন্থকে দেওয়া চিঠিতে তিনি দার্জিলিং এর বিজেপি রাজু বিস্তার তোলা এই সংক্রান্ত অভিযোগের প্রসঙ্গ উত্থাপন করেছেন।

**************************

মহামেডান স্পোর্টিং ক্লাব আজ তাদের আইএসএল অভিযান শুরু করছে। প্রতিপক্ষ নর্থ ইস্ট ইউনাইটেড এফ সি। যাদবপুরের কিশোর ভারতী ক্রীড়াঙ্গনে খেলা শুরু হবে সন্ধ্যা সাড়ে সাতটায়। আই লিগ জিতে এবারই প্রথম বার মহামেডান স্পোটিং ইন্ডিয়ান সুপার লিগ 'আইএসএল' এ মাঠে নামতে চলেছে। কোচ আন্দ্রে চেরনিশভ, দল নতুন চ্যালেঞ্জ নিতে প্রস্তুত বলে জানিয়েছেন। এই ম্যাচকে ঘিরে দলের সমর্থকদের মধ্যে ব্যাপক উদ্দীপনা দেখা দিয়েছে।

**************************************************************